পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী সমিতিসমূহের

# রাজ্য কো-অর্ডিনেশন কমিটি

কেন্দ্রীয় অফিস ঃ
"কর্মচারী ভবন"
১০এ, শাঁখারীটোলা স্ট্রীট
কলকাতা - ৭০০ ০১৪
ফোন ঃ ২২৬৫-০৯২৬/২২৬৪-৯৫৯৩
ফ্যাক্স নং ঃ ০৩৩-২২১৭-৫৫৮৮
e-mail : stcoorco@bsnl.in

ক্রমিক নং ঃ কো-অর্ডি - ০৩ / ১৬

তারিখ ঃ ১১/০১/২০১৬

মাননীয় প্রধান সচিব
অর্থ বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
নবান্ন, হাওড়া

বিষয়ঃ ষষ্ঠ বেতন কমিশনের বিচার্য বিষয় সম্পর্কে

মহাশয়,

সম্প্রতি কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য গঠিত সপ্তম বেতন কমিশন কেন্দ্রীয় সরকারের নিকট তাদের সুপারিশ পেশ করার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার রাজ্য সরকারী কর্মচারী ও অন্যান্য সংস্থার কর্মচারীদের জন্য ষষ্ঠ বেতন কমিশন গঠন করেছেন। একই সঙ্গে ষষ্ঠ বেতন কমিশনের বিচার্য বিষয় নির্দিষ্ট করে সরকারী আদেশনামাও প্রকাশিত হয়েছে।

কিন্তু অত্যন্ত আশ্চর্যের বিষয় হল ষষ্ঠ বেতন কমিশনের বিচার্য বিষয়ের মধ্যে ৫ম বেতন কমিশনের ২য় অংশের কর্মচারী স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলি ও তৃতীয় অংশের সুপারিশ যা অমিতাভ চ্যাটার্জী কমিটির সুপারিশ হিসাবে গণ্য - যেগুলি এখনও রাজ্য সরকার রূপায়িত করেনি, সেগুলিকে বিচার্য বিষয়ের মধ্যে অর্ন্তভূক্ত করা হয়নি।

বস্তুত সাম্প্রতিক অতীতে পূর্ববর্তী বেতন কমিশের অসঙ্গতি বা অমীমাংসিত বিষয়গুলি পরবর্তী বেতন কমিশনের বিচার্য বিষয়ের মধ্যে আওতাভুক্ত করে তৎকালীন রাজ্য সরকার এক নীতিসম্মত ধারাবাহিকতা রক্ষা করেছেন এবং কর্মচারীদের চাকরিজীবনে উদ্ভুত সমস্যাবলীর নিষ্পত্তিবিধানে উপযুক্ত পন্থা গ্রহণ করেছেন।

তদুপরি, বর্তমানে রাজ্য সরকার স্থায়ী পদে নিয়মিত নিযুক্তির পরিবর্তে কার্যত নীতিগতভাবে চুক্তি প্রথায় কর্মচারী নিয়োগ করে চলেছেন এবং বর্তমানে লক্ষাধিক কর্মচারী রাজ্য সরকারী দপ্তরে বিভিন্ন স্তরে যুক্ত আছেন। তাদের কাজের পরিবেশ, ন্যুনতম বেতন, ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধাদির ব্যাপারে কোনো আদর্শ বিধি নেই।

এমত পরিস্থিতিতে আপনার কাছে আমাদের সুনির্দিষ্ট সুপারিশ হলো ষষ্ঠ বেতন কমিশনের বিচার্য বিষয়ের মধ্যে ৫ম বেতন কমিশনের কর্মচারী স্বার্থসংশ্লিষ্ট ২য় ও ৩য় অংশের সুপারিশ (অমিতাভ চ্যাটার্জী কমিটির) সমূহকে অর্ন্তভূক্ত করা হোক এবং সেই মর্মে বিচার্য বিষয়ের (Terms of Reference) সংশোধন করা হোক। একই সঙ্গে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে চুক্তিতে নিযুক্ত কর্মচারীদের বেতন, ভাতা ও অন্যান্য বিষয় সম্পর্কে সবিশেষ বিবেচনার জন্য তা বিচার্য বিষয়ের মধ্যে যুক্ত করা হোক।

আশাকরি, বিপুল অংশের কর্মচারীদের অপেক্ষমান দাবিগুলির সুমীমাংসা এবং চুক্তিপ্রথায় নিযুক্ত কর্মচারীদের দাবিসমূহের সুষ্ঠু নিষ্পত্তির জন্য আপনি বিষয়গুলি সহৃদয়তার সাথে বিবেচনা করবেন এবং তদনুযায়ী প্রয়োজনীয় দ্রুত পদক্ষেপ গ্রহণ করবেন।

ধন্যবাদান্তে,

ভবদীয়

শ্যামল মজুমদার,

সাধারণ সম্পাদক

Finance Audit Deptt.
Govt. of West Bengal
11 JAN 2016
RECEIVED
CONTENTS NOT VERIFIED